**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার জনজাতিদের উন্নয়নের লক্ষ্যে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে।**

**(২) রাজ্যের কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে চলতি রবি মরশুমের ধান ক্রয় আজ থেকে শুরু হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মালদ্বীপের রাজধানী মালেতে মালদ্বীপের ৬০তম স্বাধীনতা দিবস উদযাপনে যোগ দেন।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন।**

**(৫) অনূর্ধ্ব ১৭ বছর ফিডে রেটিং রাজ্যভিত্তিক প্রথম আন্তঃ স্কুল দাবা প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে।**

**************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার জনজাতিদের উন্নয়নের লক্ষ্যে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এন.জি.ও পরিচালিত বোর্ডিং হাউসগুলি থেকে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ ও সি.বি.এস.সি বোর্ডের অন্তর্গত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় কৃতি ছাত্রছাত্রীদের প্রথমবারের মতো সম্বর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। অল ত্রিপুরা এন.জি.ও বোর্ডিং ওয়েলফেয়ার সোসাইটি এই অনুষ্ঠানের আয়োজন করে মুখ্যমন্ত্রী বলেন, জনজাতিদের ঐতিহ্যবাহী কৃষ্টি ও সংস্কৃতির কথা উল্লেখ করে বলেন, ২০১৯ থেকে ২০২৪ সালের

মধ্যে কেন্দ্রীয় সরকার রাজ্যের মোট সাত জন জনজাতি অংশের বিশিষ্ট ব্যক্তিদের পদ্মশ্রী পুরস্কার প্রদান করেছে।

######Byte-CM######

অনুষ্ঠানে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা বলেছেন, রাজ্য সরকার এডিসি এলাকার সার্বিক উন্নয়নে কাজ করছে।

****************************

**Paddy procurement-South :**

রাজ্যের কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে চলতি রবি মরশুমে উৎপাদিত ধান ক্রয় আজ থেকে শুরু হয়েছে। খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ সাব্রুমের বটতলায় ধান ক্রয়ের রাজ্যভিত্তিক কর্মসূচির সূচনা করেন। তিনি বলেন, খাদ্য ও কৃষি দপ্তরের যৌথ উদ্যোগে এবছর রাজ্যে মোট ৩১টি ধান ক্রয় কেন্দ্রের মাধ্যমে ৩০ হাজার মেট্রিক টন ধান কেনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। বর্তমানে ধানের ন্যূনতম সহায়ক মূল্য নির্ধারণ করা হয়েছে প্রতি কেজি ২৩ টাকা। খাদ্যমন্ত্রী আজ বটতলা বাজারে কৃষকদের উৎপাদিত পণ্য বিক্রি করার জন্য ৩ কোটি ৫৩ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত দ্বিতল গ্রামীণ কৃষি বিপণন বাজারেরও উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফ্রু মগ ও স্বপ্না মজুমদার।

******************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব জানিয়েছেন, রাজ্যে সব ঋতুতে চলাচলযোগ্য রাস্তা তৈরি করার বিষয় নিয়ে তিনি কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করি সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন। আজ এম.বি.বি বিমানবন্দরে সাংবাদিকদের তিনি একথা বলেন। তিনি আরও বলেন, গোমতী এবং মুহুরী নদীর উপরে আরসিসি ব্রিজ নির্মাণ করা ও আগরতলা-সাব্রুম এপ্রোচ রোডের কাজ চলতি বছরের নভেম্বর মাসের মধ্যে শেষ করার

জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে তিনি কেন্দ্রীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানিয়েছেন।

সাংসদ শ্রী দেব আজ উদয়পুরে দিশা মিটিং করেন। গোমতী জিলা পরিষদের মিলনায়তনে আয়োজিত এই বৈঠকে পশ্চিম ত্রিপুরা লোক সভা এলাকার বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, গোমতী জেলার জেলাশাসক রিংকু লেথার।

****************************

**Higher Education Minister :**

উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন আজ আগরতলার মহিলা মহাবিদ্যালয়ের মাতঙ্গিনী প্রীতিলতা হলে অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘ আয়োজিত এক সেমিনারের উদ্বোধন করেন। জাতীয় শিক্ষানীতি নিয়ে আয়োজিত এই সেমিনারে তিনি বলেন, ভারতকেন্দ্রিক শিক্ষা ব্যবস্থা চালু করা এবং শিক্ষাক্ষেত্রে ভারতকে ওয়ার্ল্ড এডুকেশন হাব এ রূপান্তরিত করাই জাতীয় শিক্ষানীতির মূল উদ্দেশ্য। এই শিক্ষা নীতি ১০০ শতাংশ বাস্তবায়িত করার জন্য ছাত্র-ছাত্রী, শিক্ষক, সমস্ত শিক্ষাকর্মী ও সরকারকে একযোগে কাজ করতে হবে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Maldives :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মালদ্বীপের রাজধানী মালেতে সম্মানিত অতিথি হিসেবে মালদ্বীপের ৬০তম স্বাধীনতা দিবস উদযাপনে যোগ দেন। রাষ্ট্রপতি ডঃ মোহাম্মদ মুইজ্জু অনুষ্ঠানে শ্রী মোদীকে উষ্ণ অভ্যর্থনা জানান। অনুষ্ঠানটি শুরু হয় ২১টি তোপধ্বনির অভিবাদন এবং মালদ্বীপের প্রতিরক্ষা বাহিনীর গার্ড অফ অনার প্রদানের মাধ্যমে। একটি দর্শনীয় সামরিক কুচকাওয়াজ দেশের শক্তি, শৃঙ্খলা এবং ঐক্যের প্রদর্শন করে। পরিবেশনাগুলি দেশের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য এবং গত ছয় দশক ধরে এর অসাধারণ যাত্রাকে সুন্দরভাবে তুলে করে।

প্রধানমন্ত্রী মোদী কর্মকর্তা এবং বিশিষ্ট ব্যক্তিদের শুভেচ্ছা জানানোর মাধ্যমে উদযাপনটি শেষ হয়।

এর আগে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মালদ্বীপের উপ-রাষ্ট্রপতি হুসেন মোহাম্মদ লতিফের সঙ্গে বৈঠক করেন। উভয় নেতা ভারত-মালদ্বীপ বন্ধুত্বের মূল স্তম্ভগুলি নিয়ে আলোচনা করেন, যার মধ্যে পরিকাঠামো, প্রযুক্তি, জলবায়ু পরিবর্তন, শক্তি সহ অন্যান্য বিষয়ের উপর আলোকপাত করা হয়।

পৃথক এক বৈঠকে প্রধানমন্ত্রী মোদী পিপলস মজলিস বা মালদ্বীপ সংসদের অধ্যক্ষ আব্দুল রহিম আবদুল্লাহর সঙ্গে আলোচনা করেন। তারা ভারত-মালদ্বীপের গভীর বন্ধুত্ব উভয় দেশের সংসদের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক নিয়ে কথা বলেন। দ্বিপাক্ষিক সম্পর্কের জন্য একটি ইতিবাচক পদক্ষেপ হিসেবে ভারত-মালদ্বীপ পার্লামেন্টারি ফ্রেন্ডশিপ গ্রুপ গঠনকে স্বাগত জানানো হয়েছে।

প্রধানমন্ত্রী মোদী মালদ্বীপের প্রাক্তন রাষ্ট্রপতি মোহাম্মদ নাশিদের সঙ্গেও সাক্ষাৎ করেন। তাদের মধ্যে আলোচনায় প্রধানমন্ত্রী মোদী আশ্বাস দেন যে ভারত সক্ষমতা বৃদ্ধি এবং উন্নয়নমূলক সহযোগিতার মাধ্যমে মালদ্বীপকে সমর্থন অব্যাহত রাখবে।প্রধানমন্ত্রী মালদ্বীপের বিভিন্ন রাজনৈতিক দলের সদস্যদের সঙ্গেও বৈঠক করেছেন।

*****************************

**PM, Tamilnadu :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দু'দিনের তামিলনাড়ু সফরের প্রথমদিনে আজ তুতিকোরিনে তুতিকোরিন বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন করবেন। তিনি সেখানে ৪৮০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন। আগামীকাল তিনি আরিয়ালুর জেলার গঙ্গাইকোন্ডা চোলাপুরম মন্দিরে চোল সম্রাট প্রথম রাজেন্দ্র চোলের আদি তিরুবতীরাই উৎসবে যোগ দেবেন।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৪তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*****************************

**Kargil Vijay Diwas-National :**

সারা দেশ আজ কার্গিল বিজয় দিবস উপলক্ষে ১৯৯৯ এর যুদ্ধে সর্বোচ্চ বলিদানকারী বীর ভারতীয় সেনানীদের শ্রদ্ধা জানাচ্ছে। ২৬ বছর আগে এই অভিযানে ভারতীয় সেনাবাহিনী অনুপ্রবেশকারী পাকিস্তানী সেনা ও জঙ্গীদের কাছ থেকে জম্মু ও কাশ্মীরে কার্গিল জেলার বিভিন্ন অঞ্চল পুনরুদ্ধার করেছিলো। ভারতীয় সেনা ক্যাপ্টেন বিক্রম বাত্রা, ক্যাপ্টেন মনোজকুমার পান্ডে, লেফট্যানেন্ট কেইশিং ক্লিফোর্ড নোংগ্রাম, গ্রেনেডিয়ার

যোগেন্দ্র সিং যাদবের নেতৃত্বে প্রবল প্রাকৃতিক প্রতিকূলতা সত্ত্বেও অভিযান চালিয়ে চরম আঘাত হেনে পাকিস্তানী সেনাকে পরাজিত করে। সেই দৃষ্টান্ত স্থাপনকারী প্রয়াসকে সম্মান জানিয়ে সেনা প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী বলেছেন, কার্গিল যুদ্ধের মতোই ভারত অপারেশন সিন্দুরে পাকিস্তানে সুনির্দিষ্ট জঙ্গি পরিকাঠামো ধ্বংস করে দিয়েছে। তিনি এই উপলক্ষে কার্গিল যুদ্ধ স্মারকে শ্রদ্ধা নিবেদন করেন।

#####Byte- Upendra Dwivedi#####

এদিকে এই দিবস উপলক্ষে কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মন্ডভিয়া এবং সঞ্জয় শেঠও বীর যোদ্ধাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান।

********************************

**Kargil Vijay Diwas-State :**

আগরতলায় অ্যালবার্ট এক্কা পার্কে আজ কার্গিল বিজয় দিবস উদযাপন করা হয়। সেনাবাহিনী আয়োজিত এই অনুষ্ঠানে স্মৃতিসৌধে পুষ্পস্তবক দিয়ে শহীদ জওয়ানদের প্রতি শ্রদ্ধা জানানো হয়। অনুষ্ঠানে সেনাবাহিনীর জওয়ানদের সঙ্গে এনসিসি ক্যাডেট ও আর্মি পাবলিক স্কুলের শিক্ষার্থীরা উপস্থিত ছিল। অনুষ্ঠানে কার্গিল যুদ্ধের উপর তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

সিপাহিজলা জেলার করইমুড়া বিদ্যালয়ে আসাম রাইফেলসের উদ্যোগে কার্গিল যুদ্ধের উপর তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

কার্গিল বিজয় দিবস উপলক্ষ্যে আজ আগরতলায় মহিলা মহাবিদ্যালয়ের এনএসএস ইউনিটের ছাত্রীরা নিরাপত্তা কর্মীদের মধ্যে মিষ্টি বিতরণ করে।

কেন্দ্রীয় সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের অধীন "মেরা যুবা ভারত"এর পৃষ্ঠপোষকতায় ও পুষ্পরাজ ক্লাবের পরিচালনায় আজ কৈলাশহরে কার্গিল বিজয় দিবস উদযাপন করা হয়। কৈলাশহরে কার্গিল স্মৃতি সৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে বীর শহীদ সেনাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

******************************

**TCA :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, 'স্বচ্ছতা বজায় রেখে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনকে রাজ্যে ক্রিকেটের উন্নয়নে কাজ করে যেতে হবে'। আজ আগরতলার টিসিএ'র সঙ্গে নতুনভাবে যুক্ত আজীবন সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় সহ টিসিএ'র কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

****************************

**Launching Scheme :**

সুপ্রিমকোর্টের বিচারপতি তথা জাতীয় আইনসেবা কর্তৃপক্ষের এগজিকিউটিভ চেয়ারম্যান বিচারপতি সূর্য কান্ত ভারতীয় সেনা ও তাদের পরিবারের সদস্যদের সব ধরনের আইনি সহযোগিতার জন্য আজ ভার্চুয়ালভাবে নালসা বীর পরিবার সহায়তা যোজনা, ২০২৫ প্রকল্পের উদ্বোধন করেন। জম্মু কাশ্মীরে জাতীয় আইনসেবা কর্তৃপক্ষের আঞ্চলিক সম্মেলনে দেশব্যাপী ক্লিনিকের উদ্বোধন করেন তিনি বলেন দূরবর্তী এবং দুর্গমস্থানে কর্মরত সৈনিকরা তাদের পারিবারিক বা সম্পত্তি বিরোধ, অথবা জমি সংক্রান্ত আইনি মামলাগুলি সমাধান করার ক্ষেত্রে যেন অসুবিধা না হয় সে বিষয়ে NALSA হস্তক্ষেপ করবে। এদিকে, রাজ্য সৈনিক বোর্ডে আইনসেবা ক্লিনিক উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষে আইনি সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী, রাজ্য সৈনিক বোর্ডের অধিকর্তা ক্যাপ্টেন পরমজিৎ সিং প্রমুখ।

****************************

**School Chess :**

ত্রিপুরা দাবা এসোসিয়েশন পরিচালিত দু'দিন ব্যাপী অনূর্ধ্ব ১৭ বছর ফিডে রেডিং রাজ্যভিত্তিক প্রথম আন্তঃ স্কুল দাবা প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। এনএসআরসিসি দাবা হলে এই প্রতিযোগিতায় ৫২টি স্কুল থেকে ২৬০ জন দাবাড়ু অংশগ্রহণ করে। উদ্বোধনী অনুষ্ঠানে পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার, সংস্থার সহ-সভাপতি প্রশান্ত কুন্ডু সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। রাজ্যে দাবাকে স্কুল স্তর পর্যন্ত ছড়িয়ে দিতে রাজ্য দাবা সংস্থার

এই উদ্যোগ প্রশংসার দাবী রাখে। এবিষয়ে সংস্থার সভাপতি পুর নিগমের কর্পোরেটর অভিজিৎ মল্লিক জানান, এই প্রতিযোগিতা থেকে বাছাই করে জাতীয় আসরে দল পাঠানো হবে।

****************************

**Football-Khowai :**

ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের সিন্থেটিক ফুটবল মাঠে শচীন্দ্র দেব স্মৃতি আন্তঃ ক্লাব ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করেন। খোয়াই ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত এই টুর্নামেন্টের উদ্বোধনী খেলায় তেলিয়ামুড়ার বুলেট ক্লাবের বিরুদ্ধে জয়লাভ করে ত্রিপুরা পুলিশ। প্রতিযোগিতায় মোট ১১টি দল অংশগ্রহণ করেছে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, সিপাহীজলা, ধলাই ও দক্ষিণ জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস। আদ্রতা সর্বোচ্চ ৯৪ শতাংশ এবং সর্বনিম্ন ৫৭ শতাংশ। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৭.৬ মিলিমিটার।

****************************